# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

## এস. এস .সি - ২০২২ এর নির্বাচনি অ্যাসাইনমেন্ট

বিষয় : উচ্চতর গণিত বিষয় কোড: ১২৬

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৭৫

[ সৃজনশীল প্রশ্ন : নম্বর ৫০]

| | | নম্বর |
|---|---|---|
| ১। | $s_n = \frac{1}{8x+1} + \frac{1}{(8x+1)^2} + \frac{1}{(8x+1)^3} + \cdots$ | |
| | ক) $2 + 4 + 8 + \cdots = ?$ | ২ |
| | খ) $x = 1, s_{10} = ?$ | ৪ |
| | গ) $S_\infty = ?$ | ৪ |
| ২। | $\left(k - \frac{y}{2}\right)^7 = ak^7 + bk^6 + ck^5 + dk^4 + 560k^3 + \cdots$<br>$R = (1-x)(1+px)^6$ | |
| | ক) বিস্তার কর : $(1+x)^4$ | ২ |
| | খ) $y = ?$ | ৪ |
| | গ) $R = 1 + bx^2 + \cdots$ , $p = ?$, $b = ?$ | ৪ |
| ৩। | $A(-2\,,1)\,, B(10\,,6)\,, C(a\,,-6)$ | |
| | ক) $AB = ?$ | ২ |
| | খ) $AB = BC, a = ?$ | ৪ |
| | গ) $a$ এর মান ব্যবহার করে $\Delta ABC$ এর ক্ষেত্রফল নির্ণয় কর। | ৪ |
| ৪। | $\mathrm{x} = \cot\theta,\ \mathrm{y} = \operatorname{cosec}\theta\,,\ \mathrm{z} = \frac{1-\cos\theta}{\sin\theta}$ | |
| | ক) $x = 1,\ 0 < \theta < 2\pi\,,\ \theta = ?$ | ২ |
| | খ) দেখাও যে , $\frac{y-x+1}{1+y+x} = z$ | ৪ |
| | গ) $x = -\frac{4}{3}\,, \frac{3\pi}{2} < \theta < 2\pi\,, \frac{tan\theta + sec\theta}{sin\theta + cos\theta} = ?$ | ৪ |
| ৫। | একটি মুদ্রা তিনবার নিক্ষেপ করা হলো। | |
| | ক) $probability\ tree$ অঙ্কন কর। | ২ |
| | খ) $\mathrm{P(HHH)} = ?$ | ৪ |
| | গ) $\mathrm{P(2H, 1T)} = ?$ | ৪ |

[ সংক্ষিপ্ত প্রশ্ন : নম্বর ২৫ ]

১। সূচক রাশির মৌলিক সূত্রটি লেখ।

২। ত্রিভুজের কোণের অনুপাত $3:5:7$, ক্ষুদ্রতম কোণ ?

$1 + \frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8} + \cdots$ হতে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।

৩। ধারার $n$ তম পদ কত ?

৪। ধারার অসীমতক সমষ্টি কত?

৫। সম্ভাবনার সর্বোচ্চ মান কত?

৬। $-800°$ কোণের অবস্থান কোন চতুর্ভাগে?

৭। $coescA = \sqrt{2},\ cotA = ?$

৮। $cos^2\left(\frac{\pi}{3}\right) + sin^2\left(\frac{\pi}{6}\right) = ?$

৯। $\cos\theta$ এর সর্বনিম্ন মান কত?

১০। $\tan(405°) = ?$

১১। $\theta = \frac{7\pi}{3}$ হলে $sec^2(\theta) - 1 = ?$

১২। এক রেডিয়ান কোণ কত ডিগ্রি?

১৩। ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত গ্রেড?

১৪। $a^x = b^y = c^z, abc = 1, xy + yz + zx = ?$

১৫। $a^m = x, m = ?$

১৬। $\log_{\sqrt{2}} 16 \times \log_{\sqrt{3}} 27 = ?$

১৭। $F(x) = \ln(x+3)\,, D_F = ?$

১৮। $A(0,0), B(sin\theta, cos\theta), AB = ?$

১৯। আয়তকার ঘনবস্তুর তল কয়টি ?

২০। $A(2,2), B(2,6)$ হলে $AB$ এর ঢাল কত?

২১। $(-4,5), (2,-4)$ বিন্দুগামী রেখার সমীকরণ ?

২২। $(2,7)$ বিন্দু হতে $y$ অক্ষের দূরত্ব কত?

২৩। $\binom{10}{3} = ?$

২৪। $2x + 3y = 10$ দ্বারা $x$ অক্ষের ছেদ বিন্দু কত?

২৫। $x + y + 4 = 0$ উভয় অক্ষের সাথে যে ক্ষেত্র গঠন করে তার ক্ষেত্রফল কত?

# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা

## এসএসসি-২০২২ অ্যাসাইনমেন্ট


## বিষয়ঃ অর্থনীতি

**সময়ঃ ৩ ঘণ্টা** **পূর্ণমানঃ ১০০**

**(বিঃদ্রঃ প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর লিখতে হবে।)**

**উদ্দীপক পড়ে নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর দাও।**

১. নিচের ছকটি দেখ এবং প্রশ্নের উত্তর দাও :




ক) 'ভূমিবাদ' বলতে কী বোঝায়?

খ) সুযোগ ব্যয় বলতে কী বোঝায়?

গ) চিত্রে যে অর্থব্যবস্থার বৈশিষ্ট্য ফুটে উঠেছে তার স্বরূপ তুলে ধর।

ঘ) চিত্রটি ধনতান্ত্রিক ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার সমর্থিত রূপ - তুমি কি একমত? বিশ্লেষণ কর।

২. 'X' দেশের জনগণ স্বাধীনভাবে দ্রব্যসামগ্রী উৎপাদন ও ভোগ করে। অপরদিকে 'Y' দেশের সাথে 'X' দেশের মিল থাকলেও বিশেষ দ্রব্যের উৎপাদন ও ভোগের ক্ষেত্রে 'Y' দেশের সরকারের নিয়ন্ত্রণ থাকে।

ক) অ্যাডাম স্মিথের প্রদত্ত সংজ্ঞাটি লিখ।

খ) বেশি উৎপাদনের ক্ষেত্রে প্রণোদনা কীভাবে কাজ করে?

গ) উদ্দীপকে 'X' দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ) 'Y' দেশের অর্থনৈতিক ব্যবস্থা চিহ্নিত করে এর বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর।

৩. দৃশ্যকল্প-১ : ফাতিহা 'ক' নামক দেশে বেড়াতে গেল। সে লক্ষ করল সেখানে সবকিছু সরকার নিয়ন্ত্রণ করে। সেখানে ব্যক্তিগত ব্যবসায় পরিচালনার সুযোগ নেই।
দৃশ্যকল্প-২ : ফারহান ও ফারাবি একটি দেশে বসবাস করে। ফারহান সরকারি উদ্যোগে পরিচালিত একটি ব্যবসায় প্রতিষ্ঠানে কাজ করেন। অন্যদিকে ফারাবি বেসরকারি উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানে কর্মরত।

ক) মুদ্রাস্ফীতি কাকে বলে?

খ) কখন মানুষ প্রান্তিক পর্যায়ে চিন্তা করে? বুঝিয়ে লেখ।

গ) ফাতিহার বেড়াতে যাওয়া দেশের অর্থব্যবস্থা কোন ধরনের? ব্যাখ্যা কর।

ঘ) দৃশ্যকল্প-২ এর অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার তুলনা কর।

৪. মি. আরিফ সাহেব তার নিজ দেশে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করলেন। মি. আরিফ সাহেবের মুনাফা দেখে তার কয়েকজন বন্ধু আরও কয়েকটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেন। তার এক বন্ধু লোকসানের কারণে ফ্যাক্টরি বন্ধ করে দিলেন। সরকার কোনো হস্তক্ষেপ করল না। অপরদিকে মি. জামান সাহেব তার দেশে একটি নতুন কাগজকল স্থাপন করতে চাইলেন। কিন্তু সরকার অনুমতি দিল না। মি. জামান সাহেবের দেশে সব কারখানা সরকার পরিচালনা করে।

ক) ইসলামি অর্থব্যবস্থা কাকে বলে?

খ) "একটি দ্রব্য ভোগ করতে হলে আরেকটি দ্রব্য ত্যাগ করতে হয়।" - উক্তিটিব্যাখ্যা কর।

গ) মি. আরিফ সাহেবের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ) মি. জামান সাহেবের দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থা সাদৃশ্যপূর্ণ কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৫. সালমানের কাছে ৫০ টাকা আছে। তার চারটি কলম কিনতে হবে, যার দাম ২০ টাকা। অন্যদিকে, তার দুটি পেনসিল কেনা লাগবে, যার দাম ৪০ টাকা। সে বুঝতে পারছে না তার কী করা উচিত।

ক) শ্রমের জন্য প্রাপ্ত আয়কে কী বলে?

খ) বিনিয়োগ বলতে কী বোঝায়?

গ) পণ্য ক্রয়ে অর্থনীতির কোন পদ্ধতি সালমানকে সহায়তা করবে বলে তুমি মনে কর?

ঘ) সালমানের সমস্যার সমাধানটি তুমি চিত্রসহ বিশ্লেষণ কর।

৬. নাছিমা বেগম একটি পোশাক তৈরি কারখানায় কাজ করেন। তার বোন একটি স্কুলের শিক্ষিকা। তার মা বাড়িতে ঘর-সংসার দেখাশোনা করেন। প্রত্যেকে নিজ নিজ অবস্থানে থেকে নিজেদের দায়িত্ব পালন করছেন।

ক) উপযোগ কী?

খ) S + C = Y সমীকরণটি ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে উল্লিখিত কোন কাজগুলো অর্থনৈতিক কাজ? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে উল্লিখিত নাছিমা বেগমের মায়ের কাজে অর্থ উপার্জন হয় না কিন্তু উপযোগ অনেক বেশি। উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

৭. A : ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী।

B : শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা।

ক) বিনিয়োগ কী?

খ) মূলধনী দ্রব্য বলতে কী বোঝায়?

গ) B তালিকার বিষয়গুলো অর্থনীতিতে কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর।

ঘ) দেশের অর্থনৈতিক উন্নতি A ও B সম্পদগুলোর উপর কি নির্ভরশীল? আলোচনা কর।

**সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।**

১. ভূমিবাদ ধারণাটির জন্ম হয় কোন দেশে?
২. আদিম সমাজের প্রধান বিষয় কি ছিল?
৩. ইংরেজি Economics শব্দটি গ্রিক কোন শব্দ থেকে এসেছে?
৪. সম্পদ অসীম হলে কোনটির সৃষ্টি হতো না?
৫. অর্থনীতির মৌলিক নীতিমালা কয়টি?
৬. ভূমিবাদীদের মতে অনুৎপাদনশীল খাত কোনটি?
৭. মানুষ গুরুত্ব অনুযায়ী পছন্দ করে কেন?
৮. অ্যাডাম স্মিথ এর মতে, অর্থনীতি জাতিসমূহের কি অনুসন্ধান করে?
৯. অর্থনীতিতে শ্রমিকরা বেশি উৎপাদন করে কিভাবে?
১০. কোন অর্থনীতিবিদের অর্থনীতির সংজ্ঞায় মানবকল্যাণের বিষয়টি গুরুত্ব পেয়েছে?
১১. কোন অর্থনৈতিক ব্যবস্থায় উৎপাদনের উপাদানগুলো রাষ্ট্রীয় মালিকানাধীন?
১২. একটি সরল অর্থনীতিতে কয় ধরনের প্রতিনিধি থাকে?
১৩. গ্রীক সভ্যতার বিখ্যাত দুইজন চিন্তাবিদদের নাম লেখ।
১৪. ভূমিবাদীদের মতে, উৎপাদনশীল খাত কোনটি?
১৫. কোন অর্থনীতিবীদের রচিত গ্রন্থ আজকের অর্থনীতির মূল ভিত্তি?
১৬. আসবাবপত্র কোন ধরনের সম্পদ?
১৭. মানুষের মানবীয় গুণাবলী কোন ধরনের সম্পদ?
১৮. অর্থনীতিতে কোন দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কি বলা হয়?
১৯. ঘোড়াশাল তাপবিদ্যুৎকেন্দ্র কোথায় অবস্থিত?
২০. রাসায়নিক সার তৈরিতে কাঁচামাল হিসেবে কি ব্যবহৃত হয়?
২১. মানুষের অভাব মেটাবার ক্ষমতাসম্পন্ন বস্তুগত সব জিনিসকে কি বলা হয়?
২২. যেসব ভোগ্য দ্রব্য দীর্ঘকাল ধরে ভোগ করা যায়, অর্থনীতিতে তাকে কি দ্রব্য বলা হয়?
২৩. উদ্যোক্তা সব খরচ মিটিয়ে যে আয় করেন সেটাকে কি বলে?
২৪. বিনিয়োগের মাধ্যমে কি বাড়ে?
২৫. কৃষকের কৃষি কাজ কোন ধরনের কাজ?
২৬. ব্যক্তির সঞ্চয় নির্ভর করে কিসের উপর?
২৭. উৎপাদনের পরিমাণ বাড়ানোর যথার্থ উপায় কি?
২৮. সাংগঠনিক ক্ষমতা অর্থনীতিতে কি ধরনের সম্পদ?
২৯. প্রাকৃতিক গ্যাস কোন প্রকারের সম্পদ?
৩০. অর্থনীতিতে সম্পদের বৈশিষ্ট্য কয়টি?

# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
## এসএসসি-২০২২ এর
## নির্বাচনী অ্যাসাইনমেন্ট
## বিষয়: হিসাব বিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড: ১৪৬

সময়ঃ ৩ ঘণ্টা    পূর্ণমানঃ ১০০

**ক বিভাগ: সৃজনশীল প্রশ্ন (নম্বর-৭০)**

১। মি. জাহিদের ব্যবসায়ের ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ:

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন | | | ৪,০০,০০০ |
| ২. | বেতন | | ৪০,০০০ | |
| ৩. | কমিশন | | | ৫,০০০ |
| ৪. | উত্তোলন | | ১০,০০০ | |
| ৫. | দেনাদার ও পাওনাদার | | ৪০,০০০ | ৩০,০০০ |
| ৬. | প্রদেয় বিল | | | ৫,০০,০০০ |
| ৭. | মনিহারি | | ৫,০০০ | |
| ৮. | প্রাপ্যবিল | | ৩,৭৫,০০০ | |
| ৯. | ব্যাংক জমা | | ৫০,০০০ | |
| ১০. | ভাড়া (১০ মাসের) | | ১০,০০০ | |
| ১১. | বিজ্ঞাপন (৫ বছরের) | | ৫,০০০ | |
| ১২. | অনাদায়ী পাওনা | | ২,০০০ | |
| ১৩. | অনাদায়ী পাওনা সঞ্চিতি | | | ৩,০০০ |
| ১৪. | সাধারণ খরচ | | ২০,০০০ | |
| ১৫. | বীমা | | ১০,০০০ | |
| ১৬. | কলকব্জা | | ৪,৫৮,০০০ | |
| ১৭. | সমাপনী মজুদ | | ২৫,০০০ | |
| ১৮. | মোট লাভ | | | ১,১২,০০০ |
| | | | ১০,৫০,০০০ | ১০,৫০,০০০ |

সমন্বয়সমূহ: (১) বকেয়া বেতন ৭,৫০০ টাকা। (২) দেনাদারের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। (৩) কলকব্জার ১০% অবচয় ধরতে হবে।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত প্রতিষ্ঠানের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নিরূপণ কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। জনাব মান্নান, রেওয়ামিল, ৩০ জুন, ২০২০ তারিখের

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪৫,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ১,৪০,০০ | ২,০০,৭০০ |
| ৩. | পণ্য আনয়ন খরচ | | ৩,০০০ | |
| ৪. | মজুরি | | ২৭,০০০ | |
| ৫. | ৬% বন্ধকি ঋণ (০১.০১.২০২০) | | | ৪০,০০০ |
| ৬. | ১০% বিনিয়োগ (০১.১০.২০১৯) | | ২০,০০০ | |
| ৭. | বেতন | | ২১,০০০ | |
| ৮. | অফিস খরচ | | ৩,০০০ | |
| ৯. | বীমা প্রিমিয়াম | | ৪,৮০০ | |
| ১০. | কুঋণ ও কুঋণ সঞ্চিতি | | ১,৫০০ | ৪,২০০ |
| ১১. | দেনাদার ও পাওনাদার | | ৩১,০০০ | ৫১,৪০০ |
| | | | ২,৯৬,৩০০ | ২,৯৬,৩০০ |

সমন্বয়সমূহ: (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৭৫,০০০ টাকা। (২) বীমা প্রিমিয়াম ২০২০ সনের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এক বছরের জন্য দেওয়া হয়েছে। (৩) অলিখিত ক্রয় ও বিক্রয় যথক্রমে ৫,০০০ ও ৩,০০০ টাকা। (৫) ১,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসেবে অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ওপর ২.৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. জনাব মান্নানের প্রতিষ্ঠানের সমাপনী দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উক্ত প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণীর মাধ্যমে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৩। মি. সোহাগের প্রতিষ্ঠানের কয়েকটি ঘটনা নিম্নরূপ:

i) তিনি ৯৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

ii) ২০,০০০ টাকার পণ্য ক্রয় করেন।

iii) ২৭,০০০ টাকা বেতনে একজন বিক্রয়কর্মী নিয়োগ করেন।

iv) ১৫,০০০ টাকা পন্য বাকিতে বিক্রয় করেন।

ক. ক্যাশম্যামোর একটি নমুনা ছক তৈরি কর। ২

খ. উপর্যুক্ত ঘটনাগুলো লেনদেন কিনা তা আধুনিক নিয়মে কারণসহ উল্লেখ কর। ৪

গ. উপর্যুক্ত লেদেনগুলোর ডেটর ও ক্রেডিটর নির্ণয় কর। ৪

৪। মি. মিজানের ব্যবসায়ে ২০২০ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়।

জানু-০১ মি. মিজান ৭৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করল।

জানু-১০ বাকিতে মাল ক্রয় ৪৩,০০০ টাকা।

জানু-১৫ ক্যাশবাক্স থেকে চুরি ১,৫০০ টাকা।

জানু-২০ মালিকের মেয়ের স্কুলের বেতন প্রদান ৭,৫০০ টাকা।

জানু-৩০ মাল বিক্রয় ২৮,০০০ টাকা।

ক. মি. মিজানের স্বত্বাধিকারের পরিমান কত? ২

খ. উপর্যুক্ত লেদেনগুলোর ডেটর ও ক্রেডিটর নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত ঘটনাগুলো দ্বারা হিসাব সমীকরনের পরিবর্তন আধুনিক অর্থে ব্যাখ্যা কর। ৪

৫। জনাব সাইফুল ঢাকার ইসলামপুরে কাপড়ের ব্যবসায় করেন। ২০২০ সালের জুন মাসে তার কয়েকটি লেনদেন নিম্নরূপঃ

জুন-০১ টঙ্গীর আলিফ ট্রেডার্সের নিকট প্রতিগজ ৬০ টাকা দরে ১৩৫ গজ মার্কিণ কাপড় বিক্রয়। চালান নং-১১৪, কারবারি বাট্টা ৫% ।

জুন-০৮ সাভারের শরিফ ট্রেডার্সের নিকট বিক্রয় প্রতি মিটার ১৪৫ টাকা দরে ৮৫ মিটার খদ্দর কাপড় এবং প্রতি মিটার ১২০ টাকা দরে ১৬০ মিটার ভয়েল কাপড়। চালান নং ১২০। কারবারি বাট্টা ১০%। প্যাকিং খরচ ১৫০ টাকা।

জুন-১৫ লক্ষ্মীপুরের আলম স্টোর হতে প্রতিটি ৫৫০ টাকা দরে ২০টি চাদর নমুনামাফিক না হওয়ায় ফেরত আসল। ক্রেডিট নোট নং-২০।

ক. ২০ নং ক্রেডিট নোটটি তৈরি কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো জনাব সাইফুলের বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট দফাগুলো খতিয়ানে পোষ্টিং দেখাও। ৪

৬। জনাব আমিনুল একজন কাপড়ের ব্যবসায়ী। ২০২০ সালের মে মাসে তার কতকগুলো লেনদেন নিম্নরূপঃ

মে-১৫ আরিফ এন্ড সন্সকে ফেরত প্রতিটি ৩৭৫ টাকা দরে ৫০ পিস শাড়ি (চুক্তি অনুসারে না হওয়ায়) কারবারি বাট্টা ৫%, ডেবিট নোট নং-১১৫।

মে-২০ শাহা এন্ড কোংকে ফেরত প্রতিটি ৩৫০ টাকা দরে ৬৫ পিস বেড সীট। কারবারি বাট্টা ১০%। ডেবিট নোট নং ১২০।

মে-৩০ রানা ক্লথকে ফেরত প্রতিটি ৫০ টাকা দরে ৩৫ পিস তোয়ালে (মান খারাপ হওয়ায়)। কারবারি বাট্টা ২% ডেবিট নোট নং-৩০।

ক. মে ১৫ ও ২০ তারিখের নিট বহি:ফেরতের পরিমান নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনসমূহ অবলম্বনে একটি ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেন সমূহ সংশ্লিষ্ট খতিয়ানে স্থানান্তর কর। ৪

৭। রব্বানী ট্রেডার্স এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপঃ প্রারম্ভিক মজুদ পণ্য ৫৫,০০০ টাকা, ক্রয় ৩০,০০০ টাকা, বিক্রয় ৭০,০০০ টাকা, মনিহারি ৫,০০০ টাকা, অগ্রিম বীমা সেলামি ৫,০০০ টাকা, বেতন বকেয়া ৫,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২৫,০০০ টাকা, হাতে নগদ ১০,০০০ টাকা, ঋণ ৬০,০০০ টাকা, বিনিয়োগ ৪০,০০০ টাকা, বিনিয়োগের সুদ ৪,৫০০ টাকা, শিক্ষানবিস সেলামি ১২,০০০ টাকা, মূলধনের সুদ ৭,০০০ টাকা ।

ক. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তসমূহ থেকে মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য থেকে রব্বানী ট্রেডার্স এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো হতে মুনাফা জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগঃ সংক্ষিপ্ত প্রশ্ন (নম্বর-৩০)

৮। সংক্ষিপ্ত উত্তর দাওঃ

১. লেনদেনের বৈশিষ্ট্য কয়টি?
২. কোন ধরণের ঘটনাগুলো হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়?
৩. মেশিনের অবচয় বা মূল্যহ্রাস কোন ধরণের লেনদেন?
৪. কুঋণ সঞ্চিতি হলো-
৫. পণ্য ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কী?
৬. কে কার কাছে চালান পেরণ করে?
৭. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কয়টি?
৮. সমীকরণ পধতিতে হিসাব কত প্রকার?
৯. সম্পদ ও ব্যয় বৃদ্ধি পেলে হবে-
১০. হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ কোনটি?
১১. দ্বৈত সত্তা বলতে কী বোঝায়?
১২. ‘ব্যয় নিয়ন্ত্রণ’ দুতরফা দাখিলা পদ্ধতির একটি-
১৩. হিসাবের সর্বজনস্বীকৃত পদ্ধতি কোনটি?
১৪. ডেবিট ও ক্রেডিট টাকার পরিমাণ সর্বদা কেমন হবে?
১৫. সম্পদের সাথে দায়ের সম্পর্ক-
১৬. আয়ের সাথে কীসের সম্পর্ক বিপরীত?
১৭. ব্যবসায়ের মূখ্য উদ্দেশ্য কী?
১৮. হিসাব চক্রের কোন ধাপে লেনদেন সনাক্ত করা হয়?
১৯. কোন দাখিলার মাধ্যমে হিসাবের ধারাবাহিকতা রক্ষা করা হয়?
২০. খতিয়ান উদ্বৃত্ত থেকে কী প্রস্তুত করা হয়?
২১. কিভাবে অনিশ্চিত হিসাব বন্ধ করতে হয়?
২২. কোনটি হিসাবের কোন অংশ নয়?
২৩. করণিক ভূল কত প্রকার?
২৪. সাময়িক সময়ের জন্য খোলা হয় কোন হিসাব?
২৫. স্থায়ী সম্পদসমূহ ক্রয়মূল্যে লিপিবদ্ধ করা হয় কোন নীতি অনুযায়ী?
২৬. তারল্য অনুপাতের আদর্শ মান-
২৭. কোনটিকে ব্যবস্থাপনার দক্ষতা মূল্যায়নের ভিত্তিস্বরূপ গণ্য করা হয়?
২৮. মালিকের আয়ের উপর প্রদেয় কর গণ্য হয়-
২৯. জাবেদার ছকে মোট ঘরের সংখ্যা কয়টি?
৩০. অগ্রিম প্রদত্ত ব্যয় কোন ধরনের সম্পদ?